

ঈদের ছুটিতে যাদুঘর-তাজমহল-পানামে বিদেশি পর্যটকদের ভিড়

- A Monitor Desk Report

Date: 12 April, 2024



নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁয়ের ঐতিহ্যবাহী তাজমহল, সোনারগাঁ যাদুঘর ও পানাম সিটিতে পবিত্র ঈদুল ফিতরের ছুটিতে পর্যটকদের ঢল নেমেছে। দেশি পর্যটকদের পাশাপাশি এবার পানামে বিদেশি পর্যটকদের ভিড় দেখা গেছে চোখে পড়ার মতো।

শুক্রবার (১২ এপ্রিল) সকাল থেকে সোনারগাঁ যাদুঘর, তাজমহল ও পানাম সিটি ঘুরে এমন দৃশ্য দেখা গেছে।

এ সময় দেশি পর্যটকদের পাশাপাশি বিদেশি পর্যটকদেরও ব্যাপক ভিড় দেখা যায়। আমেরিকা, জাপান ও ইউরোপের বিভিন্ন দেশ থেকে পর্যটকরা পানাম সিটিসহ সেসব স্থানে ঘুরতে এসেছেন বলে জানা গেছে।

পানাম সিটি ভ্রমণে আসা এক ফ্রান্স পর্যটকের সঙ্গে আসা জোবায়ের বলেন, এখানে ঘুরে আমরা বেশ আনন্দ পেয়েছি। উনি দেশের বাইরে থাকেন, আমাদের নিয়ে এসেছেন। এখানকার মানুষজন খুবই বন্ধুসুলভ। বিশেষ করে ট্যুরিস্ট পুলিশের সদস্যরা আমাদের অনেক সাহায্য করেছেন। ঘুরিয়ে দেখিয়েছেন। আমরা বেশ আনন্দ পেয়েছি।

ট্যুরিস্ট পুলিশের নারায়ণগঞ্জের ইনচার্জ দেলোয়ার হোসেন জানান, ঈদের সময় এখানে দর্শনার্থীদের ভিড় একটু বেশি থাকে। এবার দেশি পর্যটকদের পাশাপাশি অনেক বিদেশি অতিথিও আসছেন। তাদের কারও যেন অসুবিধা না হয় সেদিকে লক্ষ্য রাখছে ট্যুরিস্ট পুলিশ। পাশাপাশি পর্যটকদের নিরাপত্তার জন্যেও কাজ করে যাচ্ছেন তারা।

-B